

ইউনেস্কো ক্লাবের সভায় গণশিক্ষা স্কুল ও ফ্রি ক্লিনিক চালুর সিদ্ধান্ত

চট্টগ্রাম অফিস ॥ বাংলাদেশ জাতীয় ইউনেস্কো ক্লাব ফেডারেশন এণ্ড এসোসিয়েশনের অধিভুক্ত সংগঠন ইউনেস্কো ক্লাবস এসোসিয়েটস চট্টগ্রাম-এর উদ্যোগে গত ৪ঠা জুলাই স্থানীয় একটি হোটেলে এক সভায় বক্তারা গণশিক্ষা সম্প্রসারণ, মানব সেবায় উদ্বুদ্ধকরণ, সংস্কৃতি চর্চা, প্রকল্প নির্ধারণসহ বিভিন্ন বিষয় বক্তব্য রাখেন। সভায় ক্লাবের স্থায়ী প্রকল্প হিসাবে সর্বসম্মতিক্রমে একটি গণশিক্ষা স্কুল ও ১টি ফ্রি ক্লিনিক চালু করার সিদ্ধান্ত

হয়। সভায় সর্বসম্মতিক্রমে ৯৮/৯৯ সালের জন্য ডাঃ যদু দাশগুপ্তকে সভাপতি ও মহিউদ্দিন চৌধুরীকে সাধারণ সম্পাদক করিয়া ইউনেস্কো ক্লাবস এসোসিয়েটস চট্টগ্রামের ১৫ সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী কমিটি গঠিত হয়। ডাঃ যদু দাশগুপ্তের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন মহিউদ্দিন চৌধুরী, অধ্যাপক মোহাম্মদ আলী, ডাঃ সোমারায়, সালমা বেগম, রানী হামিদ, অধ্যাপক আনোয়ার হোসেন প্রমুখ।

comp